উপজেলা পরিষদ
বালিয়াকান্দি, রাজবাড়ী।

## বালিয়াকান্দি উপজেলা পরিষদের আগস্ট/২০২১ মাসের মাসিক সভার (৩১তম সভা) কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আবুল কালাম আজাদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী।
সভার তারিখ : ২৫ আগস্ট ২০২১, সময় ঃ বেলা ১১.৩০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, বালিয়াকান্দি।
সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "খ" দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ জনাব মোঃ আবুল কালাম আজাদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে এজেন্ডাভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ করেন।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী সভার আলোচ্যসূচী মোতাবেক কার্যক্রম শুরু করেন।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচ্য বিষয়/আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ | <u>বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:</u><br>বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় । | বিগত সভার কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার। |
| | | <u>স্থানীয় সংসদ সদস্যের সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:</u><br>মাননীয় সংসদ সদস্যের সুপারিশক্রমে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন চলমান। | কার্যক্রম চলমান। | সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল) |
| | | <u>নতুন পরিপত্র, বিধি ও সার্কুলার উপস্থাপন:</u><br>১। স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০. ০৪৫.২০.০০১.২১-১১, তারিখ: ১২/০৮/২০২১ খ্রি. এর নির্দেশনা অনুযায়ী স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের ( সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ) রাজস্ব আয় ও ব্যয়ের সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা নির্ধারণ ও হিসাব সংরক্ষণের পদ্ধতি উদ্ভাবনের নিমিত্ত উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আয় ও ব্যয়ের তথ্য প্রতি তিন মাস অন্তর স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে।<br>২। স্থানীয় সরকার বিভাগের উপজেলা -০১ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬. ০২০.০১০. ২০২০-৫১২, তারিখ: ১০/০৮/২০২১ খ্রি. মোতাবেক ২০২১-২০২২ অর্থবছর থেকে উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানী খরচ/ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহ করার জন্য অনুরোধ জানানো হয়েছে। | ১। সংশ্লিষ্ট সার্কুলার অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার |
| | | <u>রাজস্ব, উন্নয়ন তহবিল, এডিপি ও হাট-বাজার সংক্রান্ত হিসাব উপস্থাপন:</u><br>(ক) উপজেলা <u>পরিষদের রাজস্ব তহবিলের ব্যয় বিবরণী: (আগস্ট/২০২১):</u><br>সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান-<br>- ভাইস চেয়ারম্যানের জুলাই/২০২১ মাসের সম্মানীভাতা-২৭,০০০/- টাকা<br>- মহিলা ভাইস চেয়ারম্যানের জুলাই/২০২১ মাসের সম্মানীভাতা-২৭,০০০/- টাকা<br>- উপজেলা পরিষদের মালীর জুলাই/২০২১ মাসের মজুরী- ১৩,৭৫০/- টাকা<br>-উপজেলা পরিষদের পরিচ্ছন্নকর্মীর জুলাই/২১ মাসের মজুরী ভাতা- ১৩,৭৫০/- টাকা<br>-উপজেলা পরিষদ চত্বরে আগাছা পরিস্কার বাবদ মালীকে বিল পরিশোধ -৬,০০০/- টাকা<br>- জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষ্যে উপজেলা পরিষদের ০২টি ড্রপ ব্যানারের বিল-৫,৩৪৮/- টাকা<br>-বালিয়াকান্দি উপজেলা কমপ্লেক্স অভ্যন্তরে ইউনিয়ন ভূমি অফিস সংলগ্ন আনসার গার্ডশেড নির্মাণ প্রকল্পের ১ম ও চূড়ান্ত বিল পরিশোধ-৫,৯৮,৪১৫/- টাকা<br>- জাতির পিতা বঙ্গবন্ধুর ভাস্কর্য্য পাহারা বাবদ গ্রামপুলিশদের বিল পরিশোধ-৯৪,৫০০/- টাকা<br>- উপজেলা পরিষদের জীপগাড়ীর যন্ত্রাংশ পরিবর্তন বিল পরিশোধ-৩৩,৪৭০/- টাকা<br>-উপজেলা পরিষদের জুলাই/২০২১ মাসের আনুষংগিকভাতা-৫,০০০/- টাকা | সভায় বিস্তারিত আলোচনান্তে পরিশোধকৃত বিল সমন্বয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |
| | | (খ) উপজেলা পরিষদের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে পরিশোধকৃত বিলসমূহ <u>সমন্বয়ের তালিকা ( আগস্ট/২০২১):</u><br>-বাণিজ্যিক ফল বাগান স্থাপন বিষয়ক কৃষক প্রশিক্ষণ বাবদ চূড়ান্ত বিল পরিশোধ-২৮,৩২৫/- টাকা<br>- সক্ষম প্রতিবন্ধী, স্বামী পরিত্যক্তা ও বেকার যুব নারীদের পাটজাত কুটির শিল্প বিষয়ক প্রশিক্ষণ ব্যয় বাবদ চূড়ান্ত বিল পরিশোধ-৩৫,০৬০/ - টাকা<br>-গ্রামীণ যুবদের আর্তকর্মসংস্থান তৈরীতে ড্রাইভিং প্রশিক্ষণ বাবদ চূড়ান্ত বিল পরিশোধ-৪৩,৯৬০/- টাকা<br>-বেকার যুব নারীদের ক্ষুদ্র কুটির শিল্প বিষয়ক প্রশিক্ষণ ব্যয় বাবদ চূড়ান্ত বিল পরিশোধ-৩১,২০০/ - টাকা<br>-বেকার যুব নারীদের উদ্যোক্তা তৈরীর লক্ষ্যে স্বল্পমূল্যে বাণিজ্যিক স্যানিটারি ন্যাপকিন তৈরীর প্রশিক্ষণ ব্যয়ের অগ্রীম বিল বাবদ-১,৩০,০০০/- টাকা | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | গ) উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে পরিশোধকৃত বিলের তালিকা সমন্বয়ের জন্য : (আগস্ট/২০২১):<br>-সোনাপুর বাজার ব্যবস্থাপনা কমিটির অফিস গৃহের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ কাজের জামানত প্রদান বাবদ-৭৯,৯০০/- টাকা<br>-বাসাবাড়ী হাইস্কুল উন্নয়ন কাজের জামানত ফেরত বাবদ-২২,৬১০/- টাকা<br>-নওপাড়া পাকা রাস্তার মন্দির এর নিকট পাকা রাস্তা হতে দিলিপ এর বাড়ী রাস্তার অসমাপ্ত অংশ ফ্লাট সলিং দ্বারা পাকাকরণ বিল পরিশোধ-২,০০,০০০/- টাকা।<br>- বড়হিজলী পাকা রাস্তা হতে ওহাব এর বাড়ী পর্যন্ত রাস্তা ও বড়হিজলী পাকা রাস্তা হতে চাঁদ এর বাড়ী পর্যন্ত রাস্তা পাকাকরণ বাবদ বিল পরিশোধ-২,০০,০০০/- টাকা<br>-করচাডাঙ্গী পাকা রাস্তা হতে জিয়ার বাড়ী হয়ে মাঠগামী রাস্তার অসমাপ্ত অংশ পাকাকরণ-২,০০,০০০/- টাকা<br>-দক্ষিণবাড়ী ব্রিজ হতে সামসুর বাড়ী পর্যন্ত ও শীতলদাহ রাস্তার অসমাপ্ত অংশ পাকাকরণ-২,০০,০০০/- টাকা<br>-করনাকালীন সময়ে আর্থসামাজিক উন্নয়নে প্রশিক্ষণ প্রাপ্ত মহিলাদের মধ্যে সেলাই মেশিন বিতরণ-২,০০,০০০/- টাকা<br>- উপজেলার নারীদের আর্থসামাজিক উন্নয়নে প্রশিক্ষণ ও সেলাই মেশিন বিতরণ-২,০০,০০০/- টাকা<br>- বিভিন্ন ইউনিয়নে প্রশিক্ষণ প্রাপ্ত নারীদের সেলাই মেশিন সরবরাহ-২,০০,০০০/- টাকা<br>- বালিয়াকান্দি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ওয়েটিং শেড এর অসমাপ্ত কাজ সমাপ্তকরণ-১,০০,০০০/- টাকা<br>- স্বাবলম্বী স:প্রা: বিদ্যালয় অভিভাবকদের ওয়েটিং সেড এর অসমাপ্ত কাজ সমাপ্তকরণ-১,০০,০০০/- টাকা<br>- গুনপাড়া এইচবিবি রাস্তা হতে খোরশেদ আলী এর বাড়ী পর্যন্ত ও এইচবিবি রাস্তা হতে গুনপাড়া মসজিদ পর্যন্ত রাস্তা ফ্লাট সলিং দ্বারা পাকাকরণ-২,০০,০০০/- টাকা<br>-চাপলবাঘা বার্থর পুকুরের উভয় পারে খালের উপর পাইপ কালভার্ট প্রতিস্থাপন কাজের ১ম ও চূড়ান্ত বিল-৮৪,৭৪৫/- টাকা<br>- বাঁধুলী খালকুলা হাকিম মেম্বার এর বাড়ীর নিকট হতে ভাটিখালকুলা রাজু বসুর বাড়ী পর্যন্ত রাস্তা ফ্লাট সলিং দ্বারা উন্নয়ন-২,০০,০০০/- টাকা | | |
| | | (গ) উপজেলা পরিষদের এডিপি হতে পরিশোধকৃত বিলসমূহ সমন্বয়ের তালিকা (আগস্ট/২০২১ ):<br>চলতি মাসে কোন ব্যয় হয়নি। | | |
| | | (ঙ) হাট-বাজার ইজারাকৃত আয়ের ১৫% হতে পরিশোধকৃত বিলসমূহ সমন্বয়ের তালিকা-(আগস্ট/২০২১ ):<br>-জামালপুর বাজারে শশ্মান গামী রাস্তায় পাইপ কালভার্ট স্থাপন ও মাশালিয়া বাজারে গফুরের দোকানের সামনে নলকূপ স্থাপন ১ম ও চূড়ান্ত বিল পরিশোধ- ২,০০,০০০/- টাকা | | |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে দপ্তরওয়ারী গত সভার সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করে জুলাই/২০২১ মাসে গৃহীত কার্যক্রম নিয়ে সভায় আলোচনা করেন। আলোচনায় তিনি গুরুত্বপূর্ণ কাজগুলোর বিষয়ে গুরুত্বারোপ করেন।<br><br>২। এ পর্যায়ে তিনি জানান যে, জেলা প্রশাসক মহোদয়ের বাৎসরিক চুক্তির অংশ হিসেবে প্রতিটি উপজেলায় ডে-কেয়ার সেন্টার স্থাপনের নির্দেশনা রয়েছে। উপজেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বাচ্চাদের দেখভালের বিষয়টি গুরুত্ব দিয়ে সভাপতি জানান যে, অনেক কর্মচারী/কর্মকর্তাদের ছোট ছোট ছেলে-মেয়ে রয়েছে। যাদেরকে অফিস সময়ে দেখভাল করার জন্য এ উপজেলায় ডে-কেয়ার সেন্টার/কক্ষ করা হলে সরকারী কর্মচারী/কর্মকর্তাদের জন্য অনেক উপকার হবে বলে মনে করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সকলে একমত পোষণ করেন যে, এ উপজেলায় ডে-কেয়ার এর ব্যবস্থা গ্রহণ করা হলে সেটি হবে অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং যুগান্তরকারী পদক্ষেপ। বিধায় আলোচ্য প্রস্তাবের প্রতি সকলে সম্মতিজ্ঞাপন করেন।<br><br>৩। তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের বেশ কিছু আসবাবপত্র আংশিক মেরামত ও রং করা প্রয়োজন। এছাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তার অফিস কক্ষসহ পরিষদের অন্যান্য অফিস কক্ষে বেশ কিছু নতুন আসবাবপত্র সরবরাহ করা আবশ্যক । আলোচনায় আরো বলেন গেজেটেড কোয়ার্টার এর আংশিক মেরামত ও রং করাও জরুরী হয়ে পড়েছে। এ বিষয়ে গত সভায় আলোচনান্তে সরেজমিন পরিদর্শনপূর্বক প্রাক্কলন প্রস্তুতসহ উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে বলা হলে তিনি নিম্নরূপ প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে প্রাক্কলন প্রস্তুতঅন্তে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন:<br>(ক) আসবাবপত্র আংশিক মেরামত ও রংকরণ বাবদ- ৪৯,৯৭৮/- টাকা<br>(খ) উপজেলা নির্বাহী কর্মকর্তার অফিসকক্ষসহ উপজেলা পরিষদের অন্যান্য অফিস কক্ষে আসবাবপত্র সরবরাহ প্রকল্প- ১,৯৮,৭৫৪/- টাকা (পিআইসি কমিটির মাধ্যমে)<br>(গ) উপজেলা শিক্ষা অফিস মেরামত ও সংস্কার প্রকল্প বাবদ-২,০০,০০০/- টাকা (পিআইসি কমিটির মাধ্যমে)।<br><br>৪। তিনি আরো জানান যে, বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর ৭২তম জন্মবার্ষিকী ২০২১ দিবস উদযাপনের লক্ষ্যে ২৯/০৭/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য সংশ্লিষ্ট সভায় বরাদ্দকৃত অর্থে সংকুলান না হলে উপজেলা পরিষদের ভূতাপেক্ষিক অনুমোদন সাপেক্ষে উপজেলা রাজস্ব তহবিল হতে অতিরিক্ত ব্যয়কৃত অর্থের ব্যয় নির্বাহের জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গ্রহণ করেছেন। অতিরিক্ত ব্যয়কৃত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা রাজস্ব তহবিল হতে প্রদানের সভায় আলোচনা হয়। | ১। বিভাগওয়ারী গৃহীত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে সম্পন্নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br><br>২। আলোচনান্তে উপজেলা পরিষদের ফুলবাগানের পশ্চিম পাশে এবং মসজিদের উত্তর পাশে অবস্থিত একতলা বিল্ডিংয়ের ১ম ২টি কক্ষ ডে-কেয়ার কক্ষ হিসাবে প্রস্তুতের সকল ব্যয়ভার রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩। উপস্থাপিত প্রকল্প ০৩টি 'র প্রস্তুতকৃত প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং পিআইসি কমিটির মাধ্যমে জরুরী ভিত্তিতে প্রকল্প বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। প্রকল্প ০৩টির বিল রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৪। সভায় আলোচনান্তে দাখিলকৃত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য ভূতাপেক্ষিক অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৫। সভায় আলোচনান্তে দাখিলকৃত ২টি বিলের বিপরীতে প্রত্যেকটি আবেদনের | ১। উপজেলা নির্বাহী অফিসার ও দপ্তর প্রধানগণ<br><br>২। উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী<br><br>৩। উপজেলা প্রকৌশলী<br><br>৪। উপজেলা নির্বাহী অফিসার<br><br>৫। উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৫। এ পর্যায়ে আরো জানান যে, উপজেলা সমাজসেবা অফিসার ১) ২রা ডিসেম্বর 'জাতীয় ও আন্তজার্তিক প্রতিবন্ধী দিবস-২০২০' উদযাপন বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং ২) ২রা জানুয়ারি 'জাতীয় সমাজসেবা দিবস-২০২১' উদযাপন বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) সর্বমোট ১০,০০০/- (দশ হাজার) টাকা। উক্ত দিবস ০২টি আয়োজনে যথেষ্ট বরাদ্দ না থাকায় রাজস্ব তহবিল হতে অনুদান হিসাবে প্রদানের জন্য পৃথক ০২টি আবেদন দাখিল করা হয়েছে। দাখিলকৃত আবেদন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>৬। আলোচ্য বিষয়: কোর্ট ভবনের দক্ষিণ পার্শ্বের উপজেলা পরিষদের মালিকানা পুকুর ইজারা প্রদান প্রসংগে<br>উপজেলা নির্বাহী অফিসার বলেন উপজেলা পরিষদের মালিকানাধীন কোর্ট ভবনের দক্ষিণ পার্শ্বের পুকুরটি ৬৯,৩০০/- (উনসত্তর হাজার তিনশত) টাকা কাঙ্খিত সরকারী মূল্য নির্ধারণ করে ১৪২৮ হতে ১৪৩০ সাল পর্যন্ত ইজারা প্রদানের জন্য দরপত্র আহবান করা হলে ৩য় ধাপে নির্ধারিত ১২/০৪/২০২১ খ্রি. তারিখে ০২(দুই)টি দর প্রস্তাব পাওয়া যায়। এর মধ্যে আমতলা মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ এর দাখিলকৃত দর ০৩(তিন) বছরের জন্য ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা কাঙ্খিত সরকারী মূল্যের উর্দ্ধে হওয়ায় সংশ্লিষ্ট কমিটি পুকুরটি আমতলা মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ এর অনুকূলে ১৪২৮ হতে ১৪৩০ সাল পর্যন্ত ইজারা প্রদানের সুপারিশসহ উপজেলা পরিষদ চেয়ারম্যানের নিকট উপস্থাপন করলে চেয়ারম্যান, উপজেলা পরিষদ সিদ্ধান্ত গ্রহণের জন্য মাসিক সভায় উপস্থাপনের পরামর্শ প্রদান করেন। এ বিষয়ে সকলের মতামত আহ্বান করা হলে পুকুরটি ইজারা প্রদান বিষয়ে সকলে একমতপোষণ করেন। উল্লেখ্য, দীর্ঘদিন করোনা প্রকোপের কারণে বিষয়টি নিয়ে সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব হয়েছে।<br><br>৭) আরো জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বালিয়াকান্দি উপজেলায় ০২টি গৃহ নির্মাণের নির্দেশনা থাকায় গত ১৭ জুন ২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ২৮তম মাসিক সভায় ০২ জন ব্যক্তির নাম নির্ধারণ করা হয়। উক্ত ০২ জন ব্যক্তির মধ্যে বীর মুক্তিযোদ্ধা জনাব আবুল কাশেম শেখ, পিং-মফিজ উদ্দিন, গ্রাম-কুরশী, ডাক-পদমদী, বালিয়াকান্দি, রাজবাড়ী ও তার স্ত্রীঃ নুবজাহান খাতুন এর পরিবর্তে জনাব শাহিন মন্ডল, পিতা-মোঃ আবুল মন্ডল, ও স্ত্রী- নাজমা বেগম, গ্রাম-সোনাপুর, ইউনিয়ন: নবাবপুর, বালিয়াকান্দি, রাজবাড়ী (যার এনআইডি নং-৮২১০৭৯৫০০০০১১, জন্ম তারিখ: ০৩/০৯/১৯৮৪) নামীয় ভূমিহীন ও গৃহহীন ব্যক্তির অনুকূলে ঘর নির্মাণের অনুমোদনের বিষয় নিয়ে সভায় আলোচনা হয়। | অনুকূলে ৩,০০০/- টাকা হারে সর্বমোট ৬,০০০/- (ছয় হাজার) টাকা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য ভূতাপেক্ষিক অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৬। উপজেলা পরিষদের মালিকানাধীন কোর্ট ভবনের দক্ষিণ পার্শ্বের পুকুরটি বাংলা ১৪২৮ হতে ১৪৩০ সাল পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য 'মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ. বালিয়াকান্দি এর উদ্ধৃত সর্বমোট ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা দরে ইজারা প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং উক্ত ইজারা গ্রহিতাকে ইজারার অবশিষ্ট অর্থ জমা প্রদানের নিমিত্ত পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br><br>৭। বীর মুক্তিযোদ্ধা জনাব আবুল কাশেম শেখ এর পরিবর্তে জনাব শাহিন মন্ডল, পিতা-মোঃ আবুল মন্ডল ও স্ত্রী- নাজমা বেগম, গ্রাম-সোনাপুর, ইউনিয়ন: নবাবপুর, বালিয়াকান্দি, রাজবাড়ী (যার এনআইডি নং-৮২১০৭৯৫০০০০১১, জন্ম তারিখ: ০৩/০৯/১৯৮৪) নামে উক্ত ঘর নির্মাণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | <br><br><br>৬। উপজেলা নির্বাহী অফিসার<br><br><br>৭। উপজেলা নির্বাহী অফিসার |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিঃ পরিঃ কর্মকর্তা প্রথমেই জানান বালিয়াকান্দি স্বাস্থ্য কমপ্লেক্সের আওতায় টিকা কার্যক্রম চলমান রয়েছে। রাজবাড়ী জেলায় করোনা আক্রান্তের হার নিম্নমূখী এবং বালিয়াকান্দি উপজেলাতে করোনা আক্রান্তের হার ১০% এর নিচে। সকলের প্রচেষ্টায় আল্লাহর রহমতে বর্তমানে করোনা ভাইরাসের প্রকোপ নিম্নমূখী। তিনি আরো জানান যে, বর্তমানে প্রতিদিন ১০০০ এর মত টিকা প্রদান করা হচ্ছে। ১মবার নারুয়া, ইসলামপুর, জামালপুর, বহরপুরসহ ০৪টি ইউনিয়নে টিকা দেওয়া হয়েছে। এখন তাদের ২য় ডোজ টিকা প্রদানের কার্যক্রম চলমান রয়েছে।<br>প্রসংগক্রমে তিনি আরো জানান স্বাস্থ্য কমপ্লেক্সে ০১টি জামে মসজিদ নির্মাণ করার লক্ষ্যে গতকাল বেচ ঢালাই উদ্বোধন করা হয়েছে। উক্ত নির্মাণ কাজে সার্বিক সহযোগিতার জন্য উপজেলা প্রকৌশলীর সদয় দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ এবং স্বাস্থ্যসেবা কার্যক্রম যথাযর্থ চলমান রয়েছে। | ভ্যাকসিন প্রদানের কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্নের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পুনরায় অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিঃ পরিঃ কর্মকর্তা |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা সভায় জানান যে, অত্র কার্যালয়ের আওতায় ঘাস চাষের জন্য বরাদ্দ পাওয়া গিয়েছে কিন্তু এ কার্যালয়ের বাউন্ডারী এরিয়ার মধ্যে ঘাস চাষের জন্য এক খন্ড জায়গা রয়েছে এবং জায়গাটি নিচু হওয়ার কারণে বৃষ্টির পানি জমে জলাবদ্ধ অবস্থায় পরিণত হয়, বিধায় উক্ত স্থানে কিছু মাটি ফেলে ঘাস চাষের উপযোগী করার জন্য উপজেলা পরিষদের সহযোগিতা কামনা করেন। এছাড়া গবাদি পশুর নানাবিধ চিকিৎসাসহ ও অন্যান্য সম্প্রসারণ কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে বালিয়াকান্দি ইউনিয়ন পরিষদের আওতায় বরাদ্দকৃত কর্মসৃজনের টাকা দ্বারা উপ-প্রকল্পের মাধ্যমে মাটি ভরাটের কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, উপজেলায় পুষ্টি প্রকল্পের আওতায় ২৮টি প্রদর্শনীর বরাদ্দ পাওয়া গিয়াছে। এই প্রদর্শনী হতে পরিমান মত (১.৫ শতক) জায়গা পাওয়া সাপেক্ষে বঙ্গবন্ধু জন্ম শতবর্ষ উপলক্ষে ভূমিহীন গৃহ প্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হবে। তাদের ২ দিনের প্রশিক্ষণ দেওয়া হবে। এছাড়া ভর্তুকি মূল্যে কৃষি যন্ত্রপাতি বিতরণের জন্য আবেদনপত্র আহ্বান করা হয়েছে। এই ভর্তুকী মূল্যের আওতায় ৫০% ভর্তুকী মূল্যে কম্বাইন্ড হারভেস্টার, রাইস ট্রান্সপ্লান্টার, পাওয়ার থ্রেসার ও রিপার বিতরণ করা হবে। এই অর্থ বছরে উপজেলার পাটের বীজের চাহিদা পূরণের উদ্দেশ্যে প্রণোদনার আওতায় ২০ শতক করে ৫৫ জন কৃষকের মাঝে প্রদর্শনী বিতরণ করা হবে। দপ্তরের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সরকারি জরুরী কাজে উপস্থিত না থাকায় উক্ত দপ্তর নিয়ে আলোচনা করা সম্ভব হলো না। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৭ | উপজেলা পরিঃ পরিঃ বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৫,৮৫৪ জন, সর্বমোট পদ্ধতির গ্রহণকারীর সংখ্যা ৩৫,৩৫৩ জন এবং গ্রহনকারীর হার ৭৭.১০%। স্থায়ী পদ্ধতি পুরুষ- ০৩, স্থায়ী পদ্ধতি মহিলা-১৮ জন, আইইউডি-১৪ জন, ইমপ্লান্ট-৩৯ ও নবদম্পতি ৬৯ জন। এ ছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | যথার্থ সেবা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিঃ পরিঃ অফিসার |
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, অত্র উপজেলায় গত ২৩/০৮/২০২১ তারিখ হতে শিক্ষকগণ নিয়মিত বিদ্যালয়ে উপস্থিত হচ্ছেন এবং গুগল নেটের মাধ্যমে পাঠদান, Work sheet বিতরণ, Work sheet সংগ্রহ ও Work sheet মূল্যায়ন করছেন। এছাড়া পরিস্কার পরিচ্ছন্ন বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা হচ্ছে। বিদ্যালয়ের অন্যান্য প্রয়োজনীয় কাজ যথারীতি চলমান রয়েছে। | অনলাইন ক্লাশ পরিচালনের ধারাবাহিকতা অব্যহত রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, অনলাইন ক্লাশ পূর্বের ন্যায় চালু রাখার জন্য এবং এ্যাসাইনমেন্ট প্রক্রিয়ার মাধ্যমে প্রত্যেক ছাত্র-ছাত্রীদের মূল্যায়নের জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বলা হয়েছে । এছাড়া ১০ম শ্রেনীর শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট শুরু করা হয়েছে। | অনলাইন ক্লাশ চালু রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১০ | উপজেলা প্রকৌশলী বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, বালিয়াকান্দি অফিসার্স ক্লাবের বর্ধিতকরণ কাজের দরপত্র প্রক্রিয়া সম্পন্ন হওয়া মাত্রই শুরু করা হবে। ফলে বিদ্যমান জরাজীর্ণ টিন শেড ভবনটি নিলামের মাধ্যমে বিক্রয়ের লক্ষ্যে ৫৯,০২২/৫০ টাকার নিলাম প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাহা সদয় অনুমোদন করা যেতে পারে। | ১। বিস্তারিত যাচাইঅন্তে উক্ত নিলাম প্রাক্কলন পরিষদের সভায় অনুমোদিত হয় এবং এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | ১) উপজেলা প্রকৌশলী |
| ১১ | উপজেলা সমাজসেবা বিভাগ | সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, বালিয়াকান্দি উপজেলাতে বয়স্ক ও বিধবা ভাতার অনলাইন আবেদন চলছে। এ আবেদন ১০ সেপ্টেম্বর পর্যন্ত চলবে। এছাড়া প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় জরীপ কার্যক্রম চলমান রয়েছে। অনলাইনে জরীপ কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে যা সম্পন্ন করে তাদেরকে বিভিন্ন প্রশিক্ষণের আওতায় নিয়ে আসা সম্ভব হবে। এছাড়া বালিয়াকান্দি উপজেলাতে ২০,০০০/=( বিশ হাজার ) টাকা ভিক্ষুক পুনর্বাসনের জন্য অনুদান পাওয়া গিয়েছে । দুই জন ব্যাক্তিকে ১০,০০০/= টাকা করে চায়ের দোকান করার জন্য এ অর্থ বিতরণ করা হবে। বিধাবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের আবেদনের প্রেক্ষিতে ইউনিয়ন পরিষদ তালিকা প্রনয়ন পূর্বক উপজেলা কমিটিতে প্রেরণ করবেন মর্মে উল্লেখ করেন। | বয়স্ক, বিধাবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের তালিকা প্রনয়নপূর্বক উপজেলা কমিটিতে প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে পূণরায় অনুরোধ করা হয় । | (১)উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে ঋণ বিতরণ ৭০.৬১ লক্ষ, ঋণ আদায় ৪৫.০৫ লক্ষ, শেয়ার আদায় ০.০৬ লক্ষ এবং সঞ্চয় আদায় ২.৩৭ লক্ষ টাকা এবং গত অর্থবছরে প্রকল্প বাস্তবায়ন হয়েছে ০৮টি। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ বিতরণ এবং আদায় কার্যক্রমে যথার্থ মনিটরিং করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকেঅনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, অত্র কার্যালয় হতে বঙ্গমাতার ৯১তম জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। জেলা কার্যালয়ের নির্দেশনাযায়ী ১১/০৮/২০২১ খ্রি. তারিখ হতে ডব্লিউটিসি, আইজিএ প্রশিক্ষণ ও কিশোর-কিশোরী স্থাপন প্রকল্পের কার্যাবলী স্বাস্থ্যবিধি মেনে চালু করা হয়েছে। দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা কর্মসূচির ২০২০-২০২১ অর্থবছরের আওতায় প্রত্যেক ইউনিয়নে ৭ জন করে বর্ধিত করা হয়েছিল। কিন্তু যথাসময়ে তালিকা না পাওয়ায় দুটি ইউনিয়নের ডাটা এন্ট্রি করা সম্ভব হয় নাই এবং উক্ত দুটি ইউনিয়নের ০৭ জন করে ভাতাভোগী জুলাই/২১ মাস হতে ভাতাভোগী হিসেবে অন্তর্ভুক্ত হবে। অত্র কার্যালয়েব ভবন দিয়ে পানি পড়ায় অফিসেব প্রয়োজনীয় ফাইলপত্র এবং আসবাবপত্র নষ্ট হয়ে যাচ্ছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ডব্লিউটিসি, আইজিএ প্রশিক্ষণ ও কিশোর-কিশোরী স্থাপন প্রকল্পের কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনাসহ মাতৃত্বকালভাতা কর্মসূচির ২০২০-২০২১ অর্থবছরের আওতায় অবশিষ্ট ০২টি ইউনিয়নর ডাটা এন্টি দ্রত সম্পন্নে নিমিত্তে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার দপ্তর নিয়ে আলোচনা করা সম্ভব হলো না। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা। |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, ১৫ই আগস্ট জাতির জনক শেখ মুজিবুর রহমান এর শাহাদত বার্ষিক ও জাতীয় শোক দিবস উপলক্ষে ০৫ জন বেকার ও প্রকল্প গ্রহণকারী যুবদের মধ্যে ২,১০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০ জন যুবকে ০১ মাস মেয়াদি ড্রাইভিং প্রশিক্ষণ ও ২০ যুব মহিলাকে ১২ দিন মেয়াদি ক্রিস্টাল দিয়ে শোপিচ তৈরী বিষয়ে প্রশিক্ষণ কোর্স ০২টি সম্পূন্ন করা হয়েছে। একই প্রকল্পের আওতায় ১৫ জন যুব মহিলাকে স্যানিটারি প্যাড প্রশিক্ষণ কোর্সটি সম্পূন্ন করার প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। কর্মকর্তা জানান তার দপ্তরের রাজস্ব খাতভুক্ত প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য প্রাথমিক প্রশিক্ষণার্থী বাছাই এর কাজ চলমান রয়েছে এবং বাজেট প্রাপ্তি সাপেক্ষে শুরু করা হবে। এছাড়া যুব ঋণ বিতরণ ও আত্নকর্মসংস্থান প্রকল্প গ্রহণে যুবদের উদ্বুদ্ধ করার কার্যক্রম চলমান আছে। দাপ্তরিক অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | গৃহীত কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৬ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান উপজেলা পরিষদের ঝড়ে পড়া ১৮টি মরা গাছ সকল প্রক্রিয়া বিধি মোতাবেক সম্পন্ন করে নির্ধারিত মূল্যের চেয়ে বেশী অর্থাৎ সর্বোচ্চ ২৯,০০০/-টাকা দর পাওয়া গিয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | কাজের ধারাবাহিকতা বজায় রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা ফরেস্টার |
| ১৭ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা প্রথমেই জানান যে, ২০২০-২০২১ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ও গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় বরাদ্দকৃত অর্থ দ্বারা গৃহীত প্রকল্পসমূহের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে মর্মে সভাবে অবহিত করেন। এছাড়া নতুন অর্থ বছরের কোন বরাদ্দ অদ্যাবধি পাওয়া যায়নি। প্রসংগক্রমে আরো জানান যে, চলমান বন্যা পরিস্থিতির জরুরী অবস্থা মোকাবেলার জন্য সার্বিক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান বন্যা পরিস্থিতির যে কোন জরুরী অবস্থা মোকাবেলা করার নিমিত্তে প্রস্তুত থাকার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৮ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের উপ-সহকারী প্রকৌশলী জানান যে, ১৮২টি টিউবওয়েল বরাদ্দের অনুকূলে ওয়ার্ক ওর্ডার সম্পন্ন হওয়ায় উহার কার্যক্রম শ্রীঘ্রই শুরু করা হবে। প্রসংগক্রমে তিনি আরো জানান যে, সমগ্র দেশের পানি সরবরাহ প্রকল্পের আওতায় ০১টি ওয়াটার সাপ্লাই এর বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত ওয়াটার সাপ্লাই এর কার্যক্রম বালিয়াকান্দি উপজেলায় 'আমার গ্রাম আমার শহর' প্রকল্পের আওতাভূক্ত স্থান নির্বাচনের ক্ষেত্রে কুরশি গ্রাম, আড়কান্দি ও আমতলা গ্রামের নাম পাওয়া গিয়েছে। আলোচনা সাপেক্ষে এর মধ্যে যে কোন ০১টি এলাকা/গ্রামে স্থাপন করা হবে। গ্রামে গ্রামে গিয়ে নলকূপের আর্সেনিক পরিক্ষার কাজ চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ১। গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রম সঠিকভাবে সম্পূন্ন করার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | ১।উপ-সহকারী প্রকৌশলী, জঃস্বাঃঅঃ |
| ১৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | ১। সভায় উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর জানান যে, ২০১৯-২০২০ অর্থ বছরের অবকাঠামো উপ-প্রকল্প ক) 'বালিয়াকান্দি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পূর্ণাঙ্গ সেন্ট্রাল অক্সিজেন সিস্টেম স্থাপন ও কোভিড-১৯ প্রতিরোধে প্রয়োজনীয় চিকিৎসা উপকরণ সরবরাহকরণ' কাজ বাবদ- ১৯,৪৫,০১০/- টাকা, খ) সমাধিনগর মাধ্যমিক বিদ্যালয়ে একাডেমিক ভবন দ্বিতল সম্প্রসারণ ও প্রয়োজনীয় সংস্কার কাজ বাবদ -২৫,২৪,০৫৫/- টাকা ইজিপি টেন্ডার প্রক্রিয়ায় বাস্তবায়নের জন্য প্রকল্প পরিচালক, ইউজিডিপি কর্তৃক অনুমোদিত হয়েছে।<br>২। ২০১৮-১৯ ও ২০১৯-২০২০ অর্থ বছরের অনুমোদনকৃত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণসমূহের বাস্তবায়ন স্বাভাবিক প্রক্রিয়ায় চলমান আছে। | ১) যথাশ্রীঘ্র টেন্ডার প্রক্রিয়া শুরু করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা প্রকৌশলী ও উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটেটর |
| ২০ | বিবিধ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি সভার শুরুতেই বিভিন্ন বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রমের ভিত্তিতে গত সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি নিয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করে পরিষদের উন্নয়নের লক্ষ্যে এডিপি/ রাজস্ব/ উন্নয়ন তহবিলের গৃহীত প্রকল্পসহ অন্যান্য প্রকল্পের কাজ সঠিকভাবে সম্পন্নের জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।<br>২। প্রসংগক্রমে তিনি উল্লেখ করেন যে, উপজেলা শহর এলাকার চতুর্দিকের রাস্তায় যে সমস্ত মরা গাছ রয়েছে তা বিভিন্ন সময় বা রাতের অন্ধকারে লোকজন চুরি করে কেটে নিয়ে যায়। উক্ত গাছগুলি উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা কর্তন করে বিধি মোতাবেক নিলামে বিক্রি করে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং গাছ কর্তনের বিষয়ে সকলে একমতপোষণ করেন। | ১) সকল বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার পাশাপাশি এডিপি/ রাজস্ব/ উন্নয়ন তহবিলসহ সংশ্লিষ্ট অন্যান্য খাতের অর্থ দ্বারা গৃহীত প্রকল্পসমূহ যথাযথভাবে সম্পন্নের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়।<br>২) মরাগাছগুলো কর্তন করে বিধি মোতাবেক নিলামে বিক্রির সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিক্রিত অর্থ উপজেলা রাজস্ব তহবিলে জমা প্রদানের | ১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী<br>২।-ঐ- |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৩। এ পর্যায়ে সভাপতি জানান যে, উপজেলা পরিষদ চত্বরে ঘাষ কাটাসহ পরিস্কার পরিচ্ছন্ন কাজে বর্তমানে ব্যবহৃত মেশিনটি সম্পূর্ণ নষ্ট হয়ে ব্যবহার অনুপযোগী পড়েছে। ফলে আরেকটি নতুন মেশিন ক্রয়ের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>৪। এ পর্যায়ে সভাপতি আরো জানান যে, জুন/২০২১ মাসের মাসিক সভায় অনুমোদিত ২০২১-২০২২ অর্থ বছর হতে এক বা একাধিক অর্থবছরে এডিপি/উন্নয়ন/রাজস্ব তহবিল খাতে বাস্তবায়নযোগ্য প্রকল্প তালিকার 'পরিবহন ও যোগাযোগ' খাতের ১০ ও ৫২ নং ক্রমিকে একই প্রকল্প অন্তভুক্ত হওয়ায় ৫২ নং ক্রমিকের উক্ত প্রকল্প বাদ দিয়ে তদস্থলে 'খালিয়া ইদ্রিস মাষ্টারের বাড়ীর নিকট পাকা রাস্তা হতে আমজাদ মল্লিকের বাড়ীর নিকট পাকারাস্তা পর্যন্ত রাস্তা ফ্লাট সলিং দ্বারা পাকাকরণ' প্রকল্প প্রতিস্থাপনের জন্য আলোচনা হয়। | সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩) আলোচনান্তে উপজেলা পরিষদ চত্বরে ঘাষ কাটাসহ পরিস্কার পরিচ্ছন্ন কাজে ব্যবহারের জন্য একটি নতুন মেশিন ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪) উপস্থাপিত প্রকল্প প্রস্তাব তালিকাভুক্ত এবং বাস্তবায়নের জন্য ভূতাপেক্ষিক অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩। উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী<br><br>৪। -ঐ- |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনসহ উন্নয়নের জন্য পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/৮/২০২১

(মোঃ আবুল কালাম আজাদ)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বালিয়াকান্দি, রাজবাড়ী।

স্মারক নং- ০৫.৩০.৮২০৭.০০৩.০৬.০০২.১৪- [illegible](৩২), তারিখ : ২৫/০৮/ ২০২১ খ্রি.।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-২।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০৫-০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী।
০৭-২৪। উপজেলা ..........
........ কর্মকর্তা/ প্রকৌশলী, বালিয়াকান্দি, রাজবাড়ী।
২৫-৩১। চেয়ারম্যান.... ...... ..... (সকল) ইউনিয়ন, বালিয়াকান্দি, রাজবাড়ী।
৩২। অফিস কপি।

২৫/৮/২১

(আম্বিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াকান্দি, রাজবাড়ী।

উপস্থিত সদস্যগণের হাজিরা (পরিশিষ্ট-ক)

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ মনিরুজ্জামান মনির | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | স্বাক্ষরিত |
| ০২ | বেগম খোদেজা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | |
| ০৩ | জনাব মোঃ আবুল হোসেন খান | চেয়ারম্যান, ইসলামপুর ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোঃ আব্দুস সালাম | চেয়ারম্যান, নারুয়া ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ রেজাউল করিম | চেয়ারম্যান, বহরপুর ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব নৃপেন্দ্রনাথ বিশ্বাস, | চেয়ারম্যান, জঙ্গল ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মোঃ আবুল হোসেন আলী. | চেয়ারম্যান, নবাবপুর ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব নায়েব আলী সেখ | চেয়ারম্যান, বালিয়াকান্দি ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মোঃ ইউনুস আলী সরদার, | চেয়ারম্যান, জামালপুর ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ১০ | ডাঃ শাফিন জব্বার | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১১ | মোঃ আনোয়ার হোসেন | উপজেলা কৃষি কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১২ | জনাব ডা: মোঃ শাহিনুর রহমান (ভেটেরিনারি সার্জন) | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মোঃ আবদুল মান্নাফ | উপজেলা মৎস্য কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মোঃ আসরাফুল হক | উপজেলা শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব মোঃ আলমগীর বাদশা | উপজেলা প্রকৌশলী | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব অজয় কুমার হালদার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব মুহাম্মাদ মাহমুদ হাসান খান | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব কাজী এজাজ কায়ছার | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব দেবাশীষ কুমার দাস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বালিয়াকান্দি | স্বাক্ষরিত |
| ২০ | জনাব তুহিনা সুলতানা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২১ | জনাব হাসিনা ফাহমিদা বানু | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২২ | জনাব নাসরিন সুলতানা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব মোঃ আহাদুজ্জামান খান | সহকারী প্রোগ্রামার | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব মো: রেজাউল করিম | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব মোঃ নাজিউর রহমান | উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব কামরুন্নহার | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |

অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-খ)

| ক্রমিক নং | নাম ও পদবী |
|---|---|
| ০১ | জনাব সুফিয়া বেগম, সংরক্ষিত সদস্য-১, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি |
| ০২ | জনাব মোঃ আব্দুল মান্নাফ, উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৩ | জনাব মোঃ নজরুল ইসলাম, উপজেলা সমবায় অফিসার |